দৈনিক
ইত্তেফাক

তারিখ 24 APR 2009
পৃষ্ঠা ৩ কলাম ৫

# শিক্ষার বাণিজ্যিকীকরণ ৬২তেই শুরু

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের নবীন বরণ অনুষ্ঠানে বক্তারা বলেছেন, ৬২ সাল থেকেই শুরু হয় শিক্ষার বাণিজ্যিকীকরণ। একই সাথে শুরু হয় তা প্রতিরোধের আন্দোলন। এর ধারাবাহিকতায় প্রতিষ্ঠা হয় বাংলাদেশ। সার্বজনীন, একমুখী, গণতান্ত্রিক ও সেক্যুলার শিক্ষা ব্যবস্থা প্রতিষ্ঠা ছিল বাংলাদেশ প্রতিষ্ঠার মূল দাবি। তারা বলেন, স্বাধীনতার পর গঠিত সকল শিক্ষা কমিশনই এ দাবির সাথে বিশ্বাসঘাতকতা করেছে। গতকাল বুধবার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে তারা এসব কথা বলেন।

সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মলয় সরকারের সভাপতিত্বে অনুষ্ঠানে শুভ্রাংশু চক্রবর্তী, ডেইলি নিউ এজের সম্পাদক নুরুল কবির, বিশ্ববিদ্যালয়ের একাউন্টিং বিভাগের প্রভাষক মোসাহিদা সুলতানা, কেন্দ্রীয় সাধারণ সম্পাদক জনার্দন দত্ত নাস্টু, মেহদী হাসান তমাল, বিপব মন্ডল প্রমুখ বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে শুভ্রাংশু চক্রবর্তী বলেন, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের খুনোখুনিতে সরকারের নির্লিপ্ততা প্রমাণ করে রাষ্ট্র এখন ন্যায়ের পক্ষে দাঁড়ানোর শক্তি হারিয়ে ফেলছে। তিনি বলেন, যে দেশে ১২ কোটি মানুষের মৌলিক চাহিদা পূরণ হচ্ছে না। সে দেশে শিক্ষার বাণিজ্যিকীকরণ করার মানে হল রাষ্ট্র শক্তি নিজেকে শোষক হিসেবে জাহির করা।

ডেইলি নিউ এজের সম্পাদক নুরুল কবির বলেন, প্রতাপশালী ছাত্র সংগঠন, যারা ক্ষমতাশীল দলের অংশ, তারা বিশ্ববিদ্যালয় ক্যাম্পসগুলোতে দাস প্রথা চালু করেছে। দাসত্বের চেয়ে মৃত্যু অনেক ভাল। কারণ দাসত্ব দ্বারা মানবিকতার বিকাশ বাধাগ্রস্ত হয়।

মোসাহিদা সুলতানা বলেন, শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ে ভর্তিকে স্বপ্ন পূরণ মনে করলেও ভর্তির পর পরই শুরু হয় তাদের স্বপ্নভঙ্গের পালা। নিজ হলে সিট না পাওয়া, ছাত্র নেতাদের বিভিন্ন রকম হয়রানি, প্রতিকূল পরিবেশের সাথে নিজেকে খাপ খাইয়ে নিতে ব্যর্থ হওয়া, অপছন্দের ছাত্র সংগঠনের রাজনীতি করতে বাধ্য হওয়া ইত্যাদির শিকার হতে হয়।

জনার্দন দত্ত নাস্টু বলেন, বিশ্ববিদ্যালয়গুলো শুধু দু'টি কারণে বার্ধক্যে পৌঁছে না। তা হল প্রতি বছর নতুন শিক্ষার্থী ভর্তি ও গবেষণার মাধ্যমে জ্ঞানের সৃষ্টি করা। তবে এখন দ্বিতীয়টি ম্রিয়মাণ হয়ে যাচ্ছে। আলোচনা শেষে টিএসসি মিলনায়তনে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।